

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি শিক্ষা অধিদপ্তর

এফ-৪ বি, আগারগাঁও, প্র/এ

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.১৭-১১১১

তারিখঃ ০৩/১২/২০১৭খ্রি:

বিষয়ঃ নরসিংদী জেলার পলাশ উপজেলাধীন পলাশ শিল্পাঞ্চল কলেজের কম্পিউটার ডেমোনেস্ট্রেটর, জনাব মোঃ জহিরুল হক ভূঝাৰ
এমপিও ভুক্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার পলাশ উপজেলাধীন পলাশ শিল্পাঞ্চল কলেজের অধ্যক্ষ কারিগরি
শিক্ষা অধিদপ্তরের ডকেট নং-১৩৮৭/১৭, তারিখঃ ২৬/১১/২০১৭খ্রি: মোতাবেক ০২ জন প্রভাষক ও ০১ জন কম্পিউটার ডেমোনেস্ট্রেটরের
এমপিও শীটে ব্যাংক হিসাব, পদবী সংশোধন ও ব্যাংক হিসাব নম্বর সংযোজন করার জন্য পত্র প্রেরণ করেন। আবেদন সমূহ যাচাইকালে দেখা
যায় কম্পিউটার ডেমোনেস্ট্রেটর জনাব মোঃ জহিরুল হক ভূঝা এর এমপিও ভুক্তির আবেদন কারিগরি শিক্ষা অধিদপ্তরের ডকেট নং-১৯২৮/১১,
তারিখঃ ১০/০৮/২০১১খ্রি: মোতাবেক প্রথম আবেদন করেন। সেই আবেদনের প্রেক্ষিতে আবেদন পত্র যাচাই করে দেখা যায়, আবেদনকারীর
কাম্য প্রশিক্ষণ, নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের মূল পত্রিকা, আবেদনকারীর ছবি যথাযথভাবে সত্যায়িত না থাকায়, বাকশিবোর স্বীকৃতি পত্র না থাকায়,
প্রতিষ্ঠানের অনুমোদিত গভনিং বডির প্রমানক না থাকায় এবং মামলা নেই মর্মে প্রত্যয়ন পত্র না থাকায় জনাব মোঃ জহিরুল হক ভূঝা,
কম্পিউটার ডেমোনেস্ট্রেটর-এর এমপিওভুক্তির সুযোগ নেই-মর্মে সিদ্ধান্ত গ্রহিত হয়। সে আলোকে প্রতিষ্ঠান প্রধানকে এমপিও না হওয়ার কারণ
সমূহ জানিয়ে পত্র প্রেরণ করা হয়। যার স্মারক নং-কাশিঅ/এমপিও/এইচএসসি(বি.এম)/২০১১/২৩৭৮ তারিখঃ ২২/১১/২০১১খ্রি:

পরবর্তীতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ডকেট নং-৬২৪৪, তারিখঃ ২৭/০৮/২০১২খ্রি: মোতাবেক প্রতিষ্ঠান প্রধান পুনরায় প্রয়োজনীয়
কাগজ পত্রসহ এমপিও ভুক্তির জন্য আবেদন অত্র দণ্ডে প্রেরণ করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে গত ১০/১২/২০১২খ্রি: তারিখে অনুষ্ঠিত
এমপিও প্রদান সংক্রান্ত কমিটির সভায় জনাব মোঃ জহিরুল হক ভূঝা, কম্পিউটার ডেমোনেস্ট্রেটর-এর কম্পিউটার প্রশিক্ষণ সনদ সরকার
স্বীকৃত প্রতিষ্ঠান থেকে না থাকায় এবং দ্বিতীয় বিজ্ঞপ্তি অনুযায়ী মহাপরিচালক মহোদয়ের মনোনীত প্রতিনিধি না নেয়ায় তাঁর নিয়োগ বিধি সম্মত
নয় বিধায়, এমপিও ভুক্তির কোন সুযোগ নেই-মর্মে এমপিও প্রদান সংক্রান্ত কমিটির সভায় উত্থাপিত হয়। পরবর্তীতে এমপিও শীটে অনুমোদন
ছাড়াই তিনি এমপিও ভুক্ত হন।

এমতাবস্থায়, জনাব মোঃ জহিরুল হক ভূঝা, কম্পিউটার ডেমোনেস্ট্রেটর-এর এমপিও কেন স্থগিত করা হবে না, তার ব্যাখ্যা আগামী
০৭(সাত) কার্যদিবসের মধ্যে অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও জনাব মোঃ জহিরুল হক ভূঝা-কে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ নুরুল ইসলাম)

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১। অধ্যক্ষ

পলাশ শিল্পাঞ্চল কলেজ
পলাশ, নরসিংদী।

২। জনাব মোঃ জহিরুল হক ভূঝা

কম্পিউটার ডেমোনেস্ট্রেটর
পলাশ শিল্পাঞ্চল কলেজ
পলাশ, নরসিংদী।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.১৭-১১১১(০৭)

তারিখঃ ০৩/১২/২০১৭খ্রি

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :

১। জেলা প্রশাসক, নরসিংদী।

২। উপসচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


৩। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।

৪। সভাপতি, পলাশ শিল্পাঞ্চল কলেজ, পলাশ, নরসিংদী (উক্ত বিষয়টি তাঁর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল)।

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রিটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।

৬। পি.এ. টু-মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। সংরক্ষণ নথি।


(মোঃ নুরুল ইসলাম)

সহকারী পরিচালক (এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।